



তথ্যবিবরণী

নম্বর: ০৯৫

রাসিকের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় ২য় সভা অনুষ্ঠিত

রাজশাহী ; ২৫ কার্তিক (১০ নভেম্বর) :

আজ রবিবার (১০ নভেম্বর) সকালে নগরভবনের সভাকক্ষে আয়োজিত রাসিকের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে স্থানীয় সরকার কর্তৃক গঠিত কমিটির ২য় সভায় সভাপতিত্ব করেন রাজশাহী বিভাগীয় কমিশনার ও রাজশাহী সিটি করপোরেশনের প্রশাসক ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর।

রাসিক প্রশাসক বলেন, রাজশাহী নগরীর পরিচ্ছন্ন পরিবেশের সুনাম সর্বত্র। সারাদেশে এ নগরী ব্যাভিৎয়ে পরিণত হয়েছে। পরিচ্ছন্নতা, সবুজায়ন, জন্মানিবন্ধন, ইপিআই স্বাস্থ্যসেবাসহ সকল ক্ষেত্রে আমাদের অর্জিত সাফল্যের এ ধারা অব্যাহত রাখতে হবে। নগরবাসীর সেবা কার্যক্রম, পরিচ্ছন্নতা কার্যক্রম, মশক নিয়ন্ত্রণ, ড্রেনপ্লাব চুরি বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে সংশ্লিষ্ট ওয়ার্ডের দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলর ও সচিবদের দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানান তিনি।

ডেঙ্গু নিয়ন্ত্রণ ও জলাবদ্ধতা নিরসনে গৃহীত পদক্ষেপসমূহ তুলে ধরে রাসিক প্রশাসক বলেন, নগরীর বায়া ও দুয়ারীসহ অন্যান্য খালসমূহ পুনরুদ্ধারের কাজ চলছে। এসব খাল সংশ্লিষ্ট পার্শ্বরাষ্ট্রায় ওয়াকওয়ে, পার্ক ও বেঞ্চ সংযোজন করা হবে। সভায় রাস্তা ও ফুটপাথ দখল মুক্তকরণসহ অবৈধ ব্যানার, বিলবোর্ড অপসারণ করতে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন তিনি।

বেওয়ারিশ কুকুর নিয়ন্ত্রণ, যানজট নিরসনে নির্দিষ্ট সময়ে দুই রং বিশিষ্ট অটোরিক্সা চলাচল, নওদাপাড়া বাস টার্মিনাল চালু, ডেঙ্গু নিয়ন্ত্রণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণ, নওদাপাড়া ও শালবাগান বাজার নির্মাণ, বিভিন্ন বাজারে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের পুনর্বাসন, শহীদ এএইচএম কামারুজ্জামান পার্কে শিশুদের বিনোদনে রাইডস সংযোজন, ফুটওভার ব্রিজ, ফ্লাইওভার নির্মাণসহ রাসিকের বিভিন্ন কাজের অগ্রগতি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

এসময় রাসিকের স্থানীয় সরকার বিষয়ক প্রথম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ পাঠ ও দৃঢ়ীকরণ এবং রাসিক পরিচালনা কমিটির সদস্যদের দায়িত্ব, ওয়ার্ড বন্টন ও বিভিন্ন স্থায়ী কমিটি গঠনের প্রস্তাব অনুমোদন করা হয়। এছাড়াও ওয়ার্ড কার্যালয় পরিচালনা ব্যয় অনুমোদন করা হয়।

সভায় রাসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. এবিএম শরীফ উদ্দিনসহ বিভিন্ন ওয়ার্ডের দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলরগণ উপস্থিত ছিলেন। এসময় সংশ্লিষ্ট সরকারি দপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/হালিম/১৭:৩০ঘ.